# **SafeArrival**



Student Absence Management System

ocdsb.ca/SafeArrival



### SafeArrival কী?

SafeArrival হচ্ছে শিক্ষার্থীদের অনুপশ্বিতি ব্যবস্থাপনার একটি নতুন পদ্ধতি। শিক্ষার্থীদের পরিবারবৃন্দ মোবাইল অ্যাপ, ওয়েবসাইট, বা টোল-ফ্রি ফোন লাইন ব্যবহার করে শিক্ষার্থীর অনুপশ্বিতির কথা অগ্রিম জানাতে পারবেন। এই বিকল্পগুলো সপ্তাহে 7 দিন, দিনে 24 ঘন্টা পাওয়া যাবে।

### আমরা কেন SafeArrival ব্যবহার করছি?

- শিক্ষার্থীদের সুরক্ষা বাড়াতে।
- পরিবারগুলোকে শিক্ষার্থীদের অনুপশ্বিতির তথ্য সহজে অবহিত করায় সহায়তা করতে।
- কোন শিক্ষার্থী অনির্দিষ্ট কারণে অনুপশ্বিত থাকলে স্কুলগুলোকে দ্রুত সাড়া প্রদানে সহায়তা করতে।
- পরিবারগুলোকে দ্রুততর সময়ে জানাতে।

## SafeArrival কীভাবে ব্যবহার করতে হবে?

আপনি তিনটি উপায়ে শিক্ষার্থীর অনুপস্থিতির তথ্য জানাতে পারবেন:

গুরুত্বপূর্ণ: অ্যাপ/ওয়েবসাইটটির জন্য অ্যাকাউন্ট তৈরির সম্য আপনার শিক্ষার্থীর স্কুল রেকর্ডে থাকা যে ইমেইল ঠিকানাটি ব্যবহার করেছিলেন সেটি ব্যবহার করুন।

- 1) অ্যাপ: আপনার মোবাইলে SchoolMessenger অ্যাপটি ইনস্টল করুন অথবা OCDSB অ্যাপের সাহায্যে সেটিতে লগ-ইন করুন। অ্যাপটি খুলুন এবং নিবন্ধন করতে (Sign Up)সাইন আপ অপশনটি নির্বাচন করুন। নিবন্ধনের পর, মেনু থেকে (Attendance) উপস্থিতি অপশনটি বেছে নিন, তারপর অনুপস্থিতির তথ্য জানান অপশন নির্বাচন করুন ও নির্দেশনাবলী অনুসরণ করুন।
- 2) ওয়েবসাইট: go.schoolmessenger.ca ওয়েবসাইটটি পরিদর্শন করুন। আপনার অ্যাকাউন্ট তৈরি করতে সাইন আপ অপশনটি নির্বাচন করুন। নিবন্ধনের পর, মেনু থেকে উপস্থিতি অপশনটি বেছে নিন, তারপর অনুপস্থিতির তথ্য জানান অপশন নির্বাচন করুন ও প্রম্পটগুলো অনুসরণ করুন।
- 3) টোল ফ্রি ফোন: অনুপশ্বিতির তথ্য জানাতে স্ব্যংক্রিয় ফোন পদ্ধতি ব্যবহার করে 1-833-202-1417 নম্বরে কল করুন এবং প্রম্পটগুলো অনুসরণ করুন।

# **SafeArrival**



Student Absence Management System

ocdsb.ca/SafeArrival



#### সহায়ক তথ্য:

- শিক্ষার্থীর স্কুলে আসতে দেরী হলে, 'পুরো দিন' অপশনটি নির্বাচন করুন, তারপর 'বিলম্ব' অপশনটি বেছে নিন। যেসব শিক্ষার্থীর দেরী হবে তারা স্কুলে এসে অফিসে সাইন-ইন না করা পর্যন্ত তাদেরকে পুরো দিনের জন্য অনুপশ্বিত বলে গণ্য করা হবে।
- প্রাথমিক ও মধ্যবর্তী স্কুলের ক্ষেত্রে একই-দিনের অনুপশ্বিতির তথ্য কেবল স্কুল শুরুর 30 মিনিটের মধ্যে 
   অবহিত করা যাবে। এ সময় পার হয়ে গেলে, অনুগ্রহ করে সরাসরি স্কুল অফিসে ফোন করুন।
- মাধ্যমিক স্কুলের ক্ষেত্রে একই-দিনের অনুপশ্বিতির তথ্য বিকাল 10:30 টা পর্যন্ত জানানো যাবে।
- অনুপশ্বিতির তথ্য স্কুল বর্ষের যেকোনো স্কুল চলাকালীন দিনে অগ্রীম জানানো যাবে।
- কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে এবং তা অগ্রীম জানানো না হলে, আমাদের SchoolMessenger পদ্ধতি আপনার সাথে একাধিকবার যোগাযোগের চেষ্টা করবে যতক্ষণ-না পর্যন্ত আপনি অনুপস্থিতির ব্যাপারটি নিশ্চিত করেন ও ব্যাখ্যা করেন। যদি মনোনীত ব্যক্তির সাথে যোগাযোগ করা না যায়, স্কুলের কর্মচারী বিষয়টি ফলো আপ করবে। এ ধরনের বিজ্ঞপ্তিগুলো এড়াতে, অনুগ্রহ করে আপনার সন্তানের অনুপস্থিতির তথ্য অগ্রীম জানান।
- অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনার স্কুলের কাছে সবসময় আপনার বর্তমান যোগাযোগের
  ঠিকানাটি রয়েছে যাতে করে সঠিক অভিভাবকের সাথে যোগাযোগ করা যায়।